UAP-PRD

February 22, 2017

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

# অক্ষুণ্ন রাখতে হবে ভাষার মর্যাদা

মঙ্গলবার, ২১ ফেব্রুয়ারি, ২০১৭

নিজস্ব প্রতিবেদক



জামিলুর রেজা চৌধুরী

একুশে পদকপ্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেছেন, রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হলে এর সঠিক চর্চা অব্যাহত রাখতে হবে। তাহলেই যাদের রক্তের বিনিময়ে বাংলাকে আমরা মাতৃভাষা হিসেবে পেয়েছি তাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাওয়ার যেই ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সবার জানা জরুরি। গতকাল মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় তিনি এসব কথা বলেন। রাজধানীর ফার্মগেটে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে 'উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ' শীর্ষক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি। প্রতিষ্ঠানের চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী, এয়ার কমোডর ইশফাক ইলাহী চৌধুরী (অব.), ডিবেট ফর ডেমোক্রেসির সিনিয়ার

কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না প্রমুখ।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, ‘রাষ্ট্রভাষার মর্যাদা রাখতে আমাদের বাংলা ভাষা চর্চা করতে হবে। বাংলা ভাষার সঠিক চর্চার মাধ্যমেই ভাষাশহীদদের প্রতি মর্যাদা অক্ষুণ্ন রাখা সম্ভব। যারা ভাষার জন্য রুখে দাঁড়িয়েছেন তাদের প্রতি শ্রদ্ধা জানাতে আমাদের সেই ভাষার প্রতি ভালোবাসা থাকতে হবে। ’ তিনি বলেন, ‘প্রথম শহীদ মিনার তৈরির নেতৃত্বদানকারী শহীদ বদরুল আলম আজ আমাদের মাঝে না থাকলেও বাংলাদেশের বিভিন্ন স্থানসহ সারা পৃথিবীতে আমরা অসংখ্য শহীদ মিনার দেখতে পাচ্ছি। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের সেই ইতিহাস জানা জরুরি, যাদের মাধ্যমে আমরা রাষ্ট্রভাষা বাংলাকে পেয়েছি। ’ তবে বিশ্বদরবারে স্থান করে নিতে হলে শুদ্ধ বাংলা চর্চার পাশাপাশি ইংরেজি জানতে গুরুত্ব দিতে হবে বলেও তিনি উল্লেখ করেন। সভাপতির বক্তব্যে হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, ‘একুশের চেতনা বৃথা যায়নি। একুশ আমাদের দিয়েছে ’৬৯, ’৭১ ও ’৯০-এ স্বৈরশাসনের পতন। দেশকে মধ্য আয়ের দেশে উন্নীত করতে হলে একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ঐক্যের বাংলাদেশ গড়ে তুলতে হবে। ’

http://www.bd-pratidin.com/first-page/2017/02/21/209631

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

## রাষ্ট্রভাষার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে : অধ্যাপক জামিলুর রেজা

২০ ফেব্রুয়ারী, ২০১৭ ইং ২১:৩৪ মিঃ




‘রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হলে এর সঠিক চর্চা অব্যাহত রাখতে হবে। যাদের রক্তের বিনিময়ে বাংলাকে আমরা মাতৃভাষা হিসেবে পেয়েছি তাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাবার যেই ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সকলের জানা জরুরি।’

মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় আজ সোমবার একুশে পদক প্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা এসব কথা বলেন।

‘উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ’ শীর্ষক ছায়া সংসদটি ফার্মগেটস্থ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। বাংলা আমার অহংকার এই স্লোগানে এই ভাষা দিবস বিতর্ক আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসি’র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। বিশেষ অতিথি ছিলেন- অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন- এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, ডিবেট ফর ডেমোক্রেসি’র সিনিয়ার কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না প্রমুখ।

প্রধান অতিথির বক্ত্যেবে অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, প্রথম শহীদ মিনার তৈরির নেতৃত্বদানকারী শহীদ বদরুল আলম আজ আমাদের মাঝে না থাকলেও বাংলাদেশর বিভিন্ন স্থানসহ সারা পৃথিবীতে আমরা অসংখ্য শহীদ মিনার দেখতে পাচ্ছি। তরুণ প্রজম্মের শিক্ষার্থীদের সেই ইতিহাস জানা জরুরি যার মাধ্যমে আমরা রাষ্ট্রভাষা বাংলাকে পেয়েছি। তবে তিনি বিশ্ব দরবারে স্থান করে নিতে হলে শুদ্ধ বাংলা চর্চার পাশাপাশি ইংরেজি জানার ওপর গুরুত্ব দেন।

সভাপতির বক্ত্যেবে হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, একুশের চেতনা বৃথা যায়নি। একুশ আমাদের দিয়েছে ৬৯, ৭১ ও ৯০ এ স্বৈরাশাসন এর পতন। কিন্তু এখন জাতির কাছে অনেক সময় প্রশ্ন হয়ে দাঁড়ায় আমরা কি একুশের চেতনাকে ধরে রাখতে পারছি। প্রধান রাজনৈতিক দলগুলো কি পারছে প্রতিহিংসার রাজনীতি পরিহার করে সহিংসমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে। তিনি আরো বলেন, দেশে সুশাসন, আইনের শাসন, গণতন্ত্র ভোটাধিকার কি আমরা প্রতিষ্ঠা পারছি। আমরা কি গণতন্ত্র উন্নয়নকে সমভাবে এগিয়ে নিতে সকল রাজনৈতিক দলগুলো ঐক্যমতের ভিত্তিতে কাজ করছি। এসব বিষয় নিয়ে আমাদের ভাবতে হবে। আর তাই দেশকে মধ্যম আয়ের দিকে এগিয়ে নিতে হলে একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ঐক্যের বাংলাদেশ গড়ে তুলতে হবে বলে উল্লেখ করেন জনাব কিরণ।

http://www.ittefaq.com.bd/national/2017/02/20/104814.html

কালের কণ্ঠ

# রাষ্ট্রভাষার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে : জামিলুর রেজা চৌধুরী

কালের কণ্ঠ অনলাইন

২০ ফেব্রুয়ারি, ২০১৭ ১৯:৪৬




একুশে পদক পদকপ্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেছেন, রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হলে এর সঠিক চর্চা অব্যাহত রাখতে হবে।
তিনি বলেন, যাদের রক্তের বিনিময়ে বাংলাকে আমরা মাতৃভাষা হিসেবে পেয়েছি তাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাবার যে ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সকলের জানা জরুরি।
তিনি মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে আজ প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।
'উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ' শীর্ষক এই ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা ফার্মগেটস্থ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।
'বাংলা আমার অহংকার' এই স্লোগানে এই ভাষা দিবস বিতর্ক আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, ডিবেট ফর ডেমোক্রেসি'র সিনিয়ার কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না প্রমুখ।
অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, প্রথম শহীদ মিনার তৈরির নেতৃত্বদানকারী শহীদ বদরুল আলম আজ আমাদের মাঝে না থাকলেও বাংলাদেশের বিভিন্ন স্থানসহ সারা পৃথিবীতে আমরা অসংখ্য শহীদ মিনার দেখতে পাচ্ছি। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের সেই ইতিহাস জানা জরুরী যার মাধ্যমে আমরা রাষ্ট্রভাষা বাংলাকে পেয়েছি। তবে তিনি বিশ্ব দরবারে স্থান করে নিতে হলে শুদ্ধ বাংলা চর্চার পাশাপাশি ইংরেজি জানার ওপর গুরুত্ব দেন।

http://www.kalerkantho.com/online/national/2017/02/20/466047

শিক্ষাবার্তা
shikshabarta.com
অধিকার ও কর্তব্যের পক্ষে

## রাষ্ট্রভাষার মর্যাদা অক্ষুণ্ণ রাখতে হবে : অধ্যাপক জামিলুর রেজা




মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় আজ সোমবার একুশে পদক প্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা বলেন বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাবার যেই ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সকলের জানা জরুরি।'

'উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ' শীর্ষক ছায়া সংসদটি ফার্মগেটস্থ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। বাংলা আমার অহংকার এই স্লোগানে এই ভাষা দিবস বিতর্ক আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। বিশেষ অতিথি ছিলেন- অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন- এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, ডিবেট ফর ডেমোক্রেসি'র সিনিয়ার কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না প্রমুখ।


সভাপতির বক্তব্যে হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, একুশের চেতনা বৃথা যায়নি। একুশ আমাদের দিয়েছে ৬৯, ৭১ ও ৯০ এ স্বৈরাশাসন এর পতন। কিন্তু এখন জাতির কাছে অনেক সময় প্রশ্ন হয়ে দাঁড়ায় আমরা কি একুশের চেতনাকে ধরে রাখতে পারছি। প্রধান রাজনৈতিক দলগুলো কি পারছে প্রতিহিংসার রাজনীতি পরিহার করে সহিংসমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে। তিনি আরো বলেন, দেশে সুশাসন, আইনের শাসন, গণতন্ত্র ভোটাধিকার কি আমরা প্রতিষ্ঠা পারছি। আমরা কি গণতন্ত্র উন্নয়নকে সমভাবে এগিয়ে নিতে সকল রাজনৈতিক দলগুলো ঐক্যমতের ভিত্তিতে কাজ করছি। এসব বিষয় নিয়ে আমাদের ভাবতে হবে। আর তাই দেশকে মধ্যম আয়ের দিকে এগিয়ে নিতে হলে একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে ঐক্যের বাংলাদেশ গড়ে তুলতে হবে বলে উল্লেখ করেন জনাব কিরণ।

http://shikshabarta.com/2017/02/20/%E0%A6%B0%E0%A6%BE%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%9F%E0%A7%8D%E0%A6%B0%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B7%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%BE-%E0%A6%85%E0%A6%95%E0%A7%8D/

এগিয়ে রাখার প্রত্যয়ে...
LATEST BD NEWS
WWW.LATESTBDNEWS.COM

# রাষ্ট্রভাষার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে : জামিলুর রেজা চৌধুরী

February 20, 2017



একুশে পদক পদকপ্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেছেন, রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা অক্ষুণ্ন রাখতে হলে এর সঠিক চর্চা অব্যাহত রাখতে হবে।

তিনি বলেন, যাদের রক্তের বিনিময়ে বাংলাকে আমরা মাতৃভাষা হিসেবে পেয়েছি তাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাবার যে ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সকলের জানা জরুরি।

তিনি মহান ভাষা দিবস উপলক্ষে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানে আজ প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

'উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ' শীর্ষক এই ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা ফার্মগেটস্থ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে।


'বাংলা আমার অহংকার' এই স্লোগানে এই ভাষা দিবস বিতর্ক আয়োজন করে ডিবেট ফর ডেমোক্রেসি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, ডিবেট ফর ডেমোক্রেসি'র সিনিয়ার কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না প্রমুখ।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, প্রথম শহীদ মিনার তৈরির নেতৃত্বদানকারী শহীদ বদরুল আলম আজ আমাদের মাঝে না থাকলেও বাংলাদেশর বিভিন্ন স্থানসহ সারা পৃথিবীতে আমরা অসংখ্য শহীদ মিনার দেখতে পাচ্ছি। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের সেই ইতিহাস জানা জরুরী যার মাধ্যমে আমরা রাষ্ট্রভাষা বাংলাকে পেয়েছি। তবে তিনি বিশ্ব দরবারে স্থান করে নিতে হলে শুদ্ধ বাংলা চর্চার পাশাপাশি ইংরেজি জানার ওপর গুরুত্ব দেন।

http://www.latestbdnews.com/the-state-will-retain-jamilur-reza-choudhury/

**বাংলা ভাষার মর্যাদা সমুন্নত রাখতে হবে : জামিলুর রেজা**



বাঙালি জাতি সংগ্রামের মধ্যে দিয়ে অর্জন করেছে রাষ্ট্রভাষা হিসাবে বাংলাকে। বীর বাঙালি সন্তানে মাথা নত করেনি কোনো শক্তির সামনে। যার ফলে আজ আমরা স্বাধীন ভাবে ব্যবহার করতে সক্ষম হচ্ছি বাংলাকে। মহান ভাষা দিবস উপলক্ষে 'বাংলা আমার অহংকার' এই স্লোগানে ডিবেট ফর ডেমোক্রেসি রাজধানীর ফার্মগেটস্থ ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক ক্যাম্পাসে আয়োজন করে 'উচ্চ আদালতসহ সর্বস্তরে বাংলা ভাষার ব্যবহার নিশ্চিতকরণ' শীর্ষক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতার।

আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একুশে পদক পদকপ্রাপ্ত অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেছেন, রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা অক্ষুন্ন রাখতে হলে এর সঠিক চর্চা অব্যাহত রাখতে হবে।

যাদের রক্তের বিনিময়ে বাংলাকে আমরা মাতৃভাষা হিসেবে পেয়েছি তাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে পাবার যে ইতিহাস তা তরুণ প্রজন্মসহ সকলের জানা জরুরি।

প্রথম শহীদ মিনার তৈরির নেতৃত্বদানকারী শহীদ বদরুল আলম আজ আমাদের মাঝে না থাকলেও বাংলাদেশর বিভিন্ন স্থানসহ সারা পৃথিবীতে আমরা অসংখ্য শহীদ মিনার দেখতে পাচ্ছি। তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের সেই ইতিহাস জানা জরুরী যার মাধ্যমে আমরা রাষ্ট্রভাষা বাংলাকে পেয়েছি। তবে তিনি বিশ্ব দরবারে স্থান করে নিতে হলে শুদ্ধ বাংলা চর্চার পাশাপাশি ইংরেজি জানার ওপর গুরুত্ব দেন।

আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ, অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন ও ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান কাইয়ুম রেজা চৌধুরী, এয়ার কমোডর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী, ডিবেট ফর ডেমোক্রেসি'র সিনিয়ার কো-অর্ডিনেটর সাবরিনা মিলি, বিতর্ক প্রতিযোগিতার সমন্বয়ক হাফিজ উদ্দিন মুন্না সহ আরও অনেকে।

https://www.bdnow24.com/%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%82%E0%A6%B2%E0%A6%BE-%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B7%E0%A6%BE%E0%A6%B0-%E0%A6%AE%E0%A6%B0%E0%A7%8D%E0

%A6%AF%E0%A6%BE%E0%A6%A6%E0%A6%BE-%E0%A6%B8%E0%A6%AE%E0%A7%81%E0%A6%A8/